

## কোভিড 19- এর পরিপ্রেক্ষিতে শারদীয়া উৎসব বিষয়ে সতর্কবার্তা

- জনসাধারণের জন্য -

কোভিড 19-এর অতিমারী এখনও সক্রিয়। ভাইরাসের গঠনগত পরিবর্তনের ফলে যে কোনও সময় সংক্রমণ দ্রুত বৃদ্ধি পেতে পারে। কোভিডের তৃতীয় ঢেউয়ের ঝুঁকি থেকে আমরা এখনও মুক্ত নই।

তাই সাবধানতা অত্যন্ত জরুরী - সর্বদা, সকলের জন্য। শারদীয়া উৎসব উদযাপনেও রাশ টানা একান্ত জরুরী।

- উৎসব উপলক্ষে কোনও জমায়েত বা শোভাযাত্রা আয়োজন না করাই সমীচীন হবে। পূজা এই বছরে পরিবারের মধ্যেই সীমাবদ্ধ থাকা ভাল।
- ভিড় এড়িয়ে চলার চেষ্টা করুন। দোকান, বাজার বা রেস্টোরাঁয় শারীরিক দূরত্ব-বিধি বজায় রাখুন।
- দল বেঁধে সিঁদুর খেলা থেকে বিরত থাকুন।
- বৃদ্ধ, ছোট শিশু, গর্ভবতী মহিলা এবং অসুস্থ ব্যক্তিদের যে কোনও রকম ভিড় থেকে দূরে রাখুন।
- মাস্ক না পরে বাইরে বার হবেন না।
- বারে বারে সাবান-জল অথবা স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করুন।
- কাশি, সর্দি বা জ্বর হলে বাইরে বার হবেন না। বাড়িতে নিজেকে আলাদা রাখুন।

**পূজা উপলক্ষে যেখানে ভক্ত সমাগম হতে পারে,**

- সেখানে প্রবেশ নিয়ন্ত্রণ এবং কোভিড সতর্কতা নিশ্চিত করার জন্য স্বেচ্ছাসেবী দ্বারা নজরদারির ব্যবস্থা করা প্রয়োজন।
- বিভিন্ন স্থানে যথেষ্ট সংখ্যায় হাত ধোওয়ার বেসিন এবং হাত স্যানিটাইজ করার আয়োজন রাখতে হবে।
- মূল মন্ডপ বা পূজা স্থলের ভিতরে কোনও ভক্ত যেন দীর্ঘ সময় না থাকেন। এবং ঐ স্থানে যেন হাওয়া চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা থাকে।
- অঞ্জলি এবং পূজা দেওয়ার সময় অবশ্যই দূরত্ববিধি বজায় রাখা প্রয়োজন। মন্ডপের মধ্যে এক এক জন ব্যক্তির জায়গা চিহ্নিত করে দাগ দিতে হবে।

পূজার ব্যবস্থাপনায় যতদূর সম্ভব দুটি টীকা নেওয়া ব্যক্তিদের যুক্ত হওয়াই ভাল।

দর্শনাধী সমাগম সীমিত রাখতে অনুষ্ঠানাদি অন-লাইনে সম্প্রচার করা যেতে পারে।